তদ্ভ্রাতৄণামজ্ঞত্ববোধনেন ধর্ম্মাতিরিক্তত্বং পরবিদ্যাত্বঞ্চ বোধিতম্। অতএবোক্তং শ্রীনারসিংহে—

সনন্দাদয়ো নিবৃত্ত্যাখ্যে তে চ ধর্ম্মে নিযোজিতাঃ।
প্রবৃত্ত্যাখ্যেমরীচ্যাদ্যামুক্ত্বৈকং নারদং মুনিমিতি॥"

তেন ব্রহ্মণেতি প্রাকরণিকম্। তথা লক্ষণাময়কষ্টকল্পনয়া শ্রবণাদীনাং স্বধর্ম্মান্তর্গণনা চ বহির্মুখানামপি সাক্ষাদ্ভক্তিপ্রবর্ত্তনায়ৈব। এবমন্যত্রাপি অন্যমিশ্রভক্ত্যুপদেশবাক্যেষু জ্ঞেয়ম্। তস্মাদপি ভক্তাবেব তাৎপর্য্যমিতি॥ ৭॥ ১১॥ শ্রীনারদো যুধিষ্ঠির॥ ৫৮॥

এই শ্রুতি ও স্মৃতিদ্বারা ভগবদ্বহির্মুখ ধর্ম্মের মিথ্যাত্ব এবং ভগবদ্ধর্ম্মেরই অবশ্যকর্ত্তব্যত্ব বলা হইয়াছে। অতএব বেদ অখিল ধর্ম্মের মূল। ভগবত্তত্ত্বাভিজ্ঞজনসমূহের স্মৃতিও সৌশীল্য এবং সাধুগণের আচরণ এব আত্মপ্রসাদ, এইরূপ মনুস্মৃতিবাক্য হইতেও শ্রীপাদ্ দেবর্ষি নারদ বর্ণ ও আশ্রমোচিত আচারবর্ণন প্রসঙ্গে বিশিষ্টরূপে শ্রীযুধিষ্ঠির মহারাজকে উপদেশ করিয়াছেন। যদিও শ্রীপাদ্ দেবর্ষি মনুকর্ত্তৃক উল্লিখিত প্রমাণ উল্লেখ করেন নাই, তথাপি তাহার সার তাৎপর্য্য বিশেষরূপে বর্ণন করিয়াছেন। তাহা যুক্তিযুক্তই বটে। যেহেতু শ্রীমদ্ভাগবতে "ধর্ম্মঃ প্রোজ্ঝিত কৈতবোঽত্র" এই শ্লোকে নির্ম্মৎসর সাধুগণের ধর্ম্মার্থকামমোক্ষবাঞ্ছারূপে কপটতাশূন্য পরমধর্ম্ম এই শ্রীমদ্ভাগবতে বর্ণিত হইয়াছেন। এইরূপ উল্লেখ থাকায় এবং যে ধর্ম্ম দ্বারাই মন প্রসন্ন হইয়া থাকে "যেন চাত্মা প্রসীদতি" এই শ্লোকে এইরূপ উপদেশ থাকায় আর শ্রীমদ্ভাগবতের ১।১।১১ শ্লোকে "ব্রূহি ভদ্রায় ভূতানাং ; যেনাত্মা সুপ্রসীদতি" এই শৌনকপ্রশ্নের প্রত্যুত্তরে ১।২।৬ শ্লোকে—

"সবৈ পুংসাং পরোধর্ম্মঃ যতো ভক্তিরধোক্ষজে।
অহৈতুক্যপ্রতিহতা যয়াত্মা সুপ্রসীদতি॥"

এই শ্রীসূত মুনির উক্তির মধ্যে "সু" শব্দটী "প্রসীদতি" ক্রিয়ার পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে। তাহা হইলেই বেশ বুঝা গেল—দেবর্ষি নারদ যে বর্ণাশ্রমধর্ম্ম ধর্ম্মরাজ যুধিষ্ঠির মহারাজকে উপদেশ করিয়াছেন, সেই অনুষ্ঠিতধর্ম্মে চিত্তপ্রসন্নতা ঘটে বটে, কিন্তু সুন্দর প্রসন্নতা লাভ করে না। এইজন্যই শ্রীশৌনকের প্রশ্নেও "যাহাদ্বারা আত্মা সুপ্রসন্নতা লাভ করে" এইরূপ উল্লেখ করা হইয়াছে। শ্রীসূতগোস্বামীর প্রত্যুত্তরে "সুপ্রসীদতি" এইরূপ উল্লেখ করিয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, কেবল বর্ণ ও আশ্রমধর্ম্মের অনুষ্ঠানে চিত্তের প্রসন্নতাই মাত্র হইয়া থাকে, কিন্তু শ্রবণ-কীর্ত্তনাদিলক্ষণা শ্রীভগবদ্ভক্তির অনুষ্ঠানে আত্মা সুপ্রসন্নতা লাভ করিয়া থাকে। অতএব